

আশ-শু'রা | Ash-Shu'ara | الشُّعْرَاءُ

আয়াতঃ ২৬ : ১১৮

আরবি মূল আয়াত:

﴿ ۱۱۸ ﴾ فَاتَّحْ بَيْنِي وَ بَيْنَهُمْ فَتَحًا وَ نَجِّنِي وَ مَنْ مَعِيَ مِنَ الْمُؤْمِنِينَ

A অনুবাদসমূহ:

‘সুতরাং আপনি আমার ও তাদের মধ্যে ফয়সালা করে দিন আর আমাকে ও আমার সাথে যেসব মুমিন, আছে তাদেরকে রক্ষা করুন’। — আল-বায়ান

কাজেই তুমি আমার ও তাদের মধ্যে ফয়সালা ক’রে দাও, আর আমাকে ও আমার সঙ্গী মু’মিনদেরকে ক্ষমা কর।’ — তাইসিরুল

সুতরাং আমার ও তাদের মধ্যে স্পষ্ট মীমাংসা করে দিন এবং আমাকে এবং আমার সাথে যে সব মু’মিন রয়েছে তাদেরকে রক্ষা করুন। — মুজিবুর রহমান

Then judge between me and them with decisive judgement and save me and those with me of the believers.” — Sahih International

১১৮. কাজেই আপনি আমার ও তাদের মধ্যে স্পষ্ট মীমাংসা করে দিন এবং আমাকে ও আমার সাথে যেসব মুমিন আছে, তাদেরকে রক্ষা করুন।(১)

(১) অর্থাৎ নুহ আলাইহিস সালাম দো'আ করলেন যে, হে আল্লাহ! আপনি আমার ও আমার জাতির মধ্যে ফায়সালা করে দিন এবং আমাকে ও আমার সাথী ঈমানদারদেরকে রক্ষা করুন। [দেখুন-মুয়াস্সার] অন্যান্য সূরাসমূহেও নুহ ‘আলাইহিস সালাম-এর এ দো'আ এবং আল্লাহর পক্ষ থেকে তার জবাব উল্লেখ করা হয়েছে। যেমন, সূরা আল কামারঃ ১০-১৪।

তাফসীরে জাকারিয়া

(১১৮) সুতরাং আমার ও ওদের মধ্যে স্পষ্ট মীমাংসা করে দাও এবং আমাকে ও আমার সাথে যেসব বিশ্বাসী আছে তাদেরকে রক্ষা কর।’

তাফসীরে আহসানুল বাযান

১ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন